গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.wewb.gov.bd

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জানুয়ারি/২০২৬ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : সম্মেলন কক্ষ (লেভেল-১০), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

তারিখ ও সময় : ২৩ ফেব্রুয়ারি ২০২৬, সকাল- ১০:৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | আর্থিক অনুদান, বকেয়া পাওনা ও মৃত্যুজনিত ক্ষতিপুরণ সংক্রান্ত নথির অগ্রগতি / Pending. | মৃত্যুজনিত আর্থিক অনুদান, বকেয়া বেতন/ সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্স এবং ক্ষতিপূরণ সংক্রান্ত নথিসমূহ দ্রুততম সময়ে নিষ্পত্তি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মৃত্যুজনিত নথি আর্থিক অনুদান, বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ ইন্স্যুরেন্স এবং ক্ষতিপূরণ সংক্রান্ত নথিসমূহের তদন্ত রির্পোট MIS এর মাধ্যমে সংশ্লিষ্ট ডেস্কে রিসিভের ০৩ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে। | পরিচালক (সকল) |
| ২ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবা প্রচার; | ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবাসমূহ You Tube, Facebook, Online পত্রিকায় Pop-up আকারে প্রচারে জন্য Promotional Picture, Animation Video এবং AI Video তৈরী করে বিজ্ঞাপন আকারে প্রচারের বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবা/কার্যক্রম ব্যাপক ভাবে প্রচারের জন্য BTV Scrawl এ দেখানোর বিষয়ে আলোচনা হয়। | ক) বোর্ডের সেবাসমূহ You Tube, Facebook, Online পত্রিকায় Pop-up আকারে প্রচারে জন্য Promotional Picture, Animation Video এবং AI Video তৈরী করে বিজ্ঞাপন আকারে প্রচারের জন্য AD65 এর সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিতে হবে। [illegible]<br><br>খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবা/কার্যক্রম BTV তে Scrawl আকারে দেখানোর জন্য মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন মহোদয়ের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৩ | ফ্রিজিং অ্যাম্বুলেন্স রেজিস্টেশনের জন্য BRTA এর চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ। | প্রবাসে মৃত কর্মীর লাশ পরিবহনের জন্য নতুন ০২টি ফ্রিজিং অ্যাম্বুলেন্স ক্রয় করা হয় এবং প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃক ২২-০২-২০২৬ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে বুঝিয়ে দেওয়া হয়। মহাপরিচালক মহোদয়, গাড়ির রেজিস্ট্রেশনের জন্য গুরুত্বারোপ করেন। এ বিষয়ে ট্রান্সপোর্ট অফিসার অটোমোবাইল বলেন যে, এ ধরনের অ্যাম্বুলেন্স প্রগতি থেকে প্রথম সাপ্লাই করা হয়েছে যা, BRTA এর সার্ভারে এন্ট্রি নাই। সে কারণে রেজিস্ট্রেশন করতে প্রায় ৪৫ দিন সময় লেগে যেতে পারে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়, BRTA এর চেয়ারম্যান মহোদয়ের সাথে টেলিফোনে আলোচনা করেন। চেয়ারম্যান মহোদয় এ বিষয়ে একটি পত্র দিতে অনুরোধ করেন। | ০২টি অ্যাম্বুলেন্স এর রেজিস্ট্রেশনের জন্য BRTA এর চেয়ারম্যান মহোদয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | সকল বিমানবন্দরের প্রতিদিনের রিপোর্ট সমন্বিত ছকে প্রেরণ প্রসঙ্গে। | হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দর, ঢাকা'র প্রতিদিনের রির্পোট ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করা হয়। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বলেন যে, চট্টগ্রাম ও সিলেট থেকে প্রতিদিনের রির্পোট প্রেরণ করা হয় না। ঢাকা রিপোর্টের অনুরুপ রির্পোট চট্টগ্রাম ও সিলেট থেকে প্রেরনের জন্য গুরুত্ব আরোপ করেন। | হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দর, ঢাকা থেকে প্রাপ্ত প্রতিদিনের রির্পোটের মত চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দর থেকেও অনুরুপ রির্পোট প্রেরণের জন্য প্রবাসী কল্যাণ ডেস্ক, সিলেট ও চট্টগ্রাম বরাবর নমুনা ছক প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রবাসী কল্যাণ ডেস্ক, ঢাকা। |
| ৫ | হযরত শাহ্ আমানত বিমানবন্দরে একটি অ্যাম্বুলেন্স প্রেরণ প্রসঙ্গে। | হযরত শাহজালাল আন্তজাতিক বিমানবন্দর, ঢাকায় ০৩টি এ্যাম্বুলেন্স রয়েছে। আরো ০২টি ফ্রিজিং এ্যাম্বুলেন্স সম্প্রতি ক্রয় করা হয়েছে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় বলেন যে, চট্টগ্রাম বিমানবন্দর দিয়েও প্রবাসীদের মৃতদেহ আসে, সেখানে কোন এ্যাম্বুলেন্স না থাকায় জরুরীভিত্তিতে একটি অ্যাম্বুলেন্স প্রেরণের জন্য গুরুত্বারোপ করেন। উল্লেখ্য যে, চট্টগ্রাম বিমানবন্দরে প্রতি মাসে গড়ে ৪০ জনের মৃতদেহ আসে। | উল্লেখ্য, প্রতিদিন চট্টগ্রামে ৩/৪টি লাশ আসে। চট্টগ্রাম বিমানবন্দরে এ্যাম্বুলেন্স না থাকায় জরুরীভিত্তিতে একটি অ্যাম্বুলেন্স প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/২/২৪

(ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক / প্রকল্প পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট/উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৫। উপ-পরিচালক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক, ওয়েজ আর্নার্স সেন্টার, বরুয়া, লঞ্জনীপাড়া, খিলক্ষেত, ঢাকা।
৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সহকারী পরিচালক (সকল)/সহকারী প্রকৌশলী (সিভিল)/হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৯। সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)।
১০। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সকল), আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১১। উপ-সহকারী পরিচালক (সকল)/ উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/সিভিল)/ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১২। অফিস নথি।